তারিখ .. 17.1. NOV. 2015 ...
পৃষ্ঠা ..২০.. কলাম ....৫.....

# যুগান্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২
www.dghs.gov.bd

স্মারক নংঃ- স্বাঃ অধিঃ/চিঃশিঃ/ভর্তি/ ইউনানী ও আয়ু/ হোমিও/২০১৫-২০১৬/ ৪৬৫ তারিখ : ১০-১১-২০১৫ইং

# বিজ্ঞপ্তি

## ১ম বর্ষ বিইউএমএস, বিএএমএস এবং ১ম বর্ষ বিএইচএমএস কোর্সে ভর্তির আবেদন আহ্বান (২০১৫-২০১৬ শিক্ষাবর্ষ)
## সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের জন্য প্রযোজ্য

০১. ২০১৫-১৬ শিক্ষাবর্ষে বিইউএমএস (ব্যাচেলর অব ইউনানী মেডিসিন এন্ড সার্জারী), বিএএমএস (ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারী) এবং বিএইচএমএস (ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী), কোর্সে ভর্তির জন্য ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা জমা দিয়ে আবেদন অনলাইনে নির্ধারিত ছকে এবং নিম্নলিখিত শর্তাধীনে আহ্বান করা হচ্ছে।

০২. বাংলাদেশের নাগরিক শিক্ষার্থী, যারা ২০১২ বা ২০১৩ সনে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ২০১৪ বা ২০১৫ সনে এইচএসসি বা সমমানের (পদার্থ, রসায়ন ও জীববিদ্যাসহ) পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তাঁরা ভর্তির আবেদন করার যোগ্য হবেন। ইংরেজী ২০১২ সনের পূর্বে এসএসসি/ সমমান পরীক্ষায় ছাত্র/ ছাত্রীরা আবেদনের যোগ্য বিবেচিত হবেন না।

০৩. সকল দেশী বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি ও এইচএসসি বা সমমান দুটি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৮.০০ হতে হবে তবে, এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.৫০ এর কম হলে আবেদন যোগ্য হবে না।

০৪. সকল উপজাতীয় ও পার্বত্য জেলার অ-উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ কমপক্ষে ৭.০০ হতে হবে। তবে এককভাবে কোন পরীক্ষায় জিপিএ ৩.০০ এর কম হলে আবেদন যোগ্য হবে না।

০৫. সকলের জন্যে এইচএসসি/ সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে (Biology) ন্যূনতম জিপিএ ৩.৫০ থাকতে হবে।

০৬. অনলাইনে আবেদন জমা দেবার শুরুর তারিখ : ১২-১১-২০১৫ইং

০৭:১. অনলাইনে আবেদনের শেষ তারিখ : ২৫-১১-২০১৫

০৭:২. প্রবেশপত্র ডাউনলোড : ছবি ও স্বাক্ষর আপলোড করার পর।

০৮. ভর্তি পরীক্ষার তারিখ : ০৪-১২-২০১৫ইং (শুক্রবার সকাল ১০টা হইতে ১১টা), ০১ (এক) ঘন্টা।

০৯. BUMS, BAMS ও & BHMS ভর্তির জন্য Online ফরম পূরণের নিয়মাবলী ও ভর্তি সংক্রান্ত অন্যান্য সকল বিস্তারিত তথ্য (detail instructions for applicant) website : http://dghs.teletalk.com.bd হতে এবং স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd হতে জানা যাবে। এ ছাড়াও সরকারী ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজ এবং সরকারী হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যক্ষের দপ্তরেও পাওয়া যাবে।

১০. প্রার্থী নির্বাচনের জন্য ভর্তি পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১২০ নম্বর প্রাপ্ত ছাত্র/ ছাত্রীদের ভর্তি করা হবে। তবে লিখিত পরীক্ষায় ন্যূনতম ৪০ বা তদূর্ধ্ব প্রাপ্ত নম্বরধারীদের নম্বরের সাথে প্রাপ্ত জিপিএ যোগ করে ভর্তির জন্য মেধা তালিকা প্রণয়ন করা হবে।

১১. অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার পূর্বে নির্দেশাবলী ভালভাবে পড়ে বুঝে নির্দেশনা অনুযায়ী অত্যন্ত সতর্কতার সহিত পূরণ করতে হবে।

১২. আবেদনপত্র প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং চূড়ান্তকরণ কম্পিউটারের মাধ্যমে করা হবে।

১৩. বিদেশী শিক্ষা কার্যক্রমে এসএসসি/ এইচএসসি এর সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা (যদি কেহ থাকে) তাদের মার্কস সার্টিফিকেটসমূহ বাংলাদেশে প্রচলিত জিপিএতে রূপান্তর করে Equivalence Certificate সংগ্রহ করার পর অনলাইনে আবেদন করতে পারবে। সেক্ষেত্রে তাদেরকে পরিচালক, চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা বরাবরে ২০০০/- (দুই হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারসহ আবেদন করে Equivalence Certificate সংগ্রহ করতে হবে।

১৪. নির্বাচিত প্রার্থীদের দেয়া তথ্য অসম্পূর্ণ অথবা ভুল প্রমাণিত হলে, তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

১৫. ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

অধ্যাপক ডাঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক
চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোন : ৯৮৪৫৪০০, ফ্যাক্স-৯৮৮৬৬১২
Email : medicaledu313@gmail.com

ডিজি-২০২৫/১৫ (৮"x৪)